



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০



স্মারক নং-৪৬.০৪.০০০০.১০৪.২৫.০০১(অংশ-২).২৫-২৬

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২
০৭ এপ্রিল ২০২৬

বিষয়: বরগুনা জেলার জন্ম ও মৃত্যু নিবন্ধক এবং নিবন্ধন সহকারীগণের সমন্বয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, বিধির প্রয়োগ এবং BDRIS Software ব্যবহারের ওপর দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, বিধির প্রয়োগ এবং BDRIS Software ব্যবহারের ওপর বরগুনা জেলার জন্ম ও মৃত্যু নিবন্ধক এবং নিবন্ধন সহকারীগণের জন্য নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

জেলার নাম	প্রশিক্ষণের তারিখ	সময়	অংশগ্রহণকারী	প্রশিক্ষণের স্থান	মন্তব্য
বরগুনা	১১ এপ্রিল ২০২৬	সকাল ৯.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা	উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদ জন্ম ও মৃত্যু নিবন্ধকগণ	'সুবর্ণজয়ন্তী' সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা	৫২ জন অংশগ্রহণ করবেন।
			ইউনিয়ন পরিষদ এবং পৌরসভার জন্ম ও মৃত্যু নিবন্ধন সহকারীগণ	'পায়রা' সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা	৪৬ জন অংশগ্রহণ করবেন।

০২। প্রশিক্ষণের সংশ্লিষ্ট ব্যয় এ কার্যালয়ের প্রশিক্ষণ খাত (রাজস্ব) হতে নির্বাহ করা হবে (টিএ ও ডিএ স্বা-স্ব প্রতিষ্ঠানের বিধি মোতাবেক)।

০৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সময়ে শারীরিকভাবে সুস্থ প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণস্থলে উপস্থিতি নিশ্চিতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
বরগুনা।


(মো: লুৎফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (যুগ্মসচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ২২২৩৩৫৫৮৮৪
ই-মেইল: drg.ict@orgbdr.gov.bd

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা।
- ০২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, বরিশাল বিভাগ।
- ০৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন (জেকে ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। সহকারী রেজিস্ট্রার জেনারেল (সকল), রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
- ০৭। সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন ও অর্থ), রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন। (আপ্যায়নের অনুরোধসহ)।
- ০৮। পিএ টু রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব), রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।

